



উপজেলা নির্বাচন অফিসারের কার্যালয়

বান্দরবান সদর, বান্দরবান

ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রম-২০২৫ ভোটারদের অনুসরণীয় তথ্যাবলী

ক) ভোটার তালিকায় অন্তর্ভুক্তির ক্ষেত্রে যোগ্যতাঃ- বাংলাদেশী নাগরিক যাদের জন্ম ০১-০১-২০০৮ বা তার পূর্বে।

খ) ভোটার তালিকায় অন্তর্ভুক্তির জন্য অনলাইনে (<http://services.nidw.gov.bd>) ফরম-২ ও বিশেষ তথ্য ফরম পূরণ করতে হবে।

গ) যে সকল আবেদনকারীর শিক্ষাগত যোগ্যতা ন্যূনতম এস.এস.সি/মাধ্যমিক/সমমান/তদুর্ধ্ব তাদের ক্ষেত্রে নিম্নলিখিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবেঃ-

- ১। এস.এস.সি ও সর্বোচ্চ শিক্ষাগত যোগ্যতার সনদ এর সত্যায়িত ফটোকপি।
- ২। QR কোড সম্বলিত জাতীয়তা সনদ (মূল কপি)।
- ৩। QR কোড সম্বলিত Online জন্ম সনদ এর সত্যায়িত ফটোকপি।
- ৪। পিতা-মাতার NID এর সত্যায়িত ফটোকপি।
- ৫। ২০০৮ সালের পূর্বে পিতা-মাতা মৃত হলে Online মৃত্যু সনদের ফটোকপি। (২০০৮ সালের পরে মৃত হলে অবশ্যই NID দাখিল করতে হবে)।
- ৬। সরকারী চাকুরীজীবির সন্তান বা নিজে সরকারী চাকুরীজীবী হলে তার প্রমাণক।
- ৭। স্বামী/স্ত্রীর NID- এর ফটোকপি (বিবাহিত হলে)।
- ৮। স্ত্রী যদি স্বামীর ঠিকানায় ভোটার হতে চায় সেক্ষেত্রে নিকাহনামার/কাবিননামার সত্যায়িত ফটোকপি।
- ৯। প্রবাসীদের ক্ষেত্রে নাম-ঠিকানা ও ভিসা সম্বলিত পাসপোর্টের পৃষ্ঠার ফটোকপি।
- ১০। ব্লাড গ্রুপের রিপোর্ট

ঘ) যে সকল আবেদনকারীর শিক্ষাগত যোগ্যতা এস.এস.সি/মাধ্যমিক/সমমান এর নিচে তাদের ক্ষেত্রে নিম্নলিখিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবেঃ-

- ১। QR কোড সম্বলিত জাতীয়তা সনদ (মূল কপি)।
- ২। QR কোড সম্বলিত Online জন্ম সনদ (সত্যায়িত ফটোকপি)।
- ৩। পিতা-মাতার NID এর সত্যায়িত ফটোকপি।
- ৪। ভাই-বোন, চাচা, ফুফু যে কোন ৩ (তিন) প্রকারের NID এর সত্যায়িত ফটোকপি।
- ৫। ২০০৮ সালের পূর্বে পিতা-মাতা মৃত হলে Online মৃত্যু সনদের ফটোকপি। (২০০৮ সালের পরে মৃত হলে অবশ্যই NID দাখিল করতে হবে)।
- ৬। সরকারী চাকুরীজীবির সন্তান বা নিজে সরকারী চাকুরীজীবী হলে তার প্রমাণক।
- ৭। ভাই-বোন ভোটারযোগ্য বা জাতীয় পরিচয়পত্রধারী না হলে জন্মনিবন্ধন/ পিতার পারিবারিক/ওয়ারিশ সনদ।
- ৮। চাচা, ফুফু জন্মগতভাবে না থাকলে দাদার ওয়ারিশ সনদ।
- ৯। স্বামী/স্ত্রীর NID- এর ফটোকপি (বিবাহিত হলে)।
- ১০। স্ত্রী যদি স্বামীর ঠিকানায় ভোটার হতে চায় সেক্ষেত্রে নিকাহনামার/কাবিননামার সত্যায়িত ফটোকপি।
- ১১। প্রবাসীদের ক্ষেত্রে পাসপোর্টের ব্যবহৃত সকল পৃষ্ঠার সত্যায়িত ফটোকপি।
- ১২। জমির নিজ/পিতা/মাতা/দাদার নামীয় খতিয়ান/জমাবন্দি। (যদি খতিয়ান বা জমাবন্দি না থাকে তাহলে দখল সত্বীয় স্ট্যাম্প বা ভূমি অফিস কর্তৃক প্রত্যায়িত ভূমিহীন সনদ)
- ১৩। হোল্ডিং ট্যাক্স/টৌকিদারি কর রসিদের মূলকপি।
- ১৪। বিদ্যুৎ/গ্যাস ইত্যাদির বিলের সত্যায়িত ফটোকপি।
- ১৫। ব্লাড গ্রুপের রিপোর্ট

[বিঃ দ্রঃ ভিনদেশী/রোহিঙ্গাদের ভোটার হওয়ার বিষয়ে যদি কেহ তাদের সহযোগীতা অথবা মিথ্যা তথ্য প্রদান অথবা মিথ্যা/জাল কাগজপত্র সরবরাহ করেন অথবা সংশ্লিষ্ট কারো গাফিলতি পরিলক্ষিত হলে তাদের বিরুদ্ধে ভোটার তালিকা আইন, ২০০৯, জাতীয় পরিচয় নিবন্ধন আইন ২০১০ এবং প্রচলিত অন্যান্য আইন অনুযায়ী ফৌজদারী মামলা দায়ের করতে হবে।]

প্রচারে : উপজেলা নির্বাচন অফিসার ও রেজিস্ট্রেশন অফিসার, বান্দরবান সদর, বান্দরবান পার্বত্য জেলা।